

97918 - বড় মেয়ের বিয়ে না হওয়ায় ছোট মেয়ের বিয়ে আটকে রাখা

প্রশ্ন

বড় মেয়ের বিয়ে না হওয়া পর্যন্ত ছোট মেয়ের বিয়েকে আটকে রাখা কি পিতার ওপর আবশ্যক?

প্রিয় উত্তর

যদি ছোট মেয়ের জন্য বিয়ের প্রস্তাব আসে তাহলে পিতার জন্য ছোট মেয়ের বিয়েকে এই যুক্তিতে আটকে রাখা নাজায়েয় যে বড় মেয়ের বিয়ে অবশ্যই ছোট মেয়ের আগে হতে হবে। বরঞ্চ এটি আম মানুষের তৈরীকৃত প্রথা; শরিয়তে এর কোন ভিত্তি নেই। তারা মনে করে যে, এতে করে বড় মেয়ের ক্ষতি হয়। যদি তাদের এই ধারণা সঠিক হয় তাহলে এটি করলে তো ছোট মেয়েরও ক্ষতি হয়। হাদিসে এসেছে: “ক্ষতি করা নয় এবং পাল্টাপাল্টি ক্ষতি করাও নয়”।

[আল-মুনতাক্রা মিন ফাতাওয়াশ শাইখ সালিহ আল-ফাওয়ান (৩/১৫২)]